

প্রজ্ঞাপন

২৮ অগ্রহায়ণ, ১৪২৫ ব.

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩৬.০১৬.১৭-২৮৬ তারিখ:-----  
১২ ডিসেম্বর, ২০১৮ খ্রি.

৩৬তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৫ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০৯-১১-২০১৭তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০২৩.২০১৬-৩১৭ নং এবং ১২-০২-২০১৮ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০২৩.২০১৬ (অংশ-৫)-৫২ নং পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ৩০ (ত্রিশ) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়েদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়েদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাট্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩৬তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ পূর্বাঙ্কে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। (১) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)  
পদের নাম : সহকারী কমিশনার  
নিয়োগপ্রাপ্ত : ০৮ (আট) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৯	০১৩৩০১	মোহাম্মদ আবুল হাসনাত খাঁন
২	৮৭	১০৭৫৪৬	খায়রুল্লাহ
৩	১১৫	০৫২৫১৬	লিয়াকত সালমান
৪	২৩৩	০৫৮৫১৩	মোঃ ইয়াসিন খন্দকার
৫	২৫৬	০৮৩৫৯১	শামী কায়সার
৬	২৮৯	০৯৫২৬১	মনীষা আহমেদ
৭	২৯৭	০০০৯২৭	তাসনিম আক্তার
৮	২৯৯	০৬৭৮৪৩	আরিফুল্লাহ রিতা

(২) ক্যাডারের নাম: বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি)  
পদের নাম : কৃষি সম্প্রসারণ কর্মকর্তা  
নিয়োগপ্রাপ্ত : ০৫ (পাঁচ) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৪৬	০৫০৭০৫	মোহাঃ আব্দুর রউফ
২	১১৩	০৩৪৮১০	মোঃ মাহমুদুল হাসান আকন্দ
৩	২১১	০১৪৭৯৯	রওশন আরা আক্তার
৪	২৬৩	০৬০১০৪	নাসরিন সুলতানা
৫	২৭২	০৩৮৪১৪	মোঃ মাসুদ পারভেজ

(৩) ক্যাডারের নাম: বাংলাদেশ সিভিল সার্ভিস (খাদ্য)  
পদের নাম : সহকারী খাদ্য নিয়ন্ত্রক/ সমমানের পদ  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	০৫	৪০০৮১০	অনিবার্ণ ভদ্র

(৪) ক্যাডারের নাম: বাংলাদেশ সিভিল সার্ভিস (সড়ক ও জনপথ)  
পদের নাম : সহকারী প্রকৌশলী (সিভিল)  
নিয়োগপ্রাপ্ত : ০২ (দুই) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৩	০৫৯২৬১	মোঃ মাইদুল ইসলাম
২	১৬	০৩১৫৪৭	ইসতিয়াক মাহমুদ

(৫) বি.সি.এস. (সাধারণ শিক্ষা) সরকারি সাধারণ কলেজসমূহের জন্য

(৫) (ক) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (প্রাণিবিদ্যা)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৫	০৯৭৯৫৮	ফারহানা আক্তার

(৫) (খ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (ইংরেজী)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২২	০৮৭৫২৭	নাছরিন সুলতানা

(৫) (গ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (অর্থনীতি)  
নিয়োগপ্রাপ্ত : ০৩ (তিন) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৯	২০৭৭২১	মোঃ দেলোয়ার হোসেন
২	৩৭	২০৬৬৯৬	মোছাঃ শিউলী খাতুন
৩	৬১	০৮৩১৭৭	মোস্তামাইন মোশাররফ

(৫) (ঘ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (দর্শন)  
নিয়োগপ্রাপ্ত : ০৪ (চার) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১২	০৩৭৯৩৮	আসমা আক্তার
২	১৫	০৩৭২৪৭	শিরিনা খাতুন
৩	১৯	০১৭৬৩৭	মোঃ শাহ আলম
৪	৭৬	০৭৪১৯৪	তারানা তাবাতুন্ন

(৫) (ঙ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (ইসলাম শিক্ষা)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১	০২৯০০২	সেলিনা খাতুন

(৫) (চ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (পদার্থ বিজ্ঞান)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৩৪	০৬৩৭২৬	মো. কামিনুর ইসলাম

(৫) (ছ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (রসায়ন)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১৭	০৪৫৮৪৯	মোঃ খলিল মিয়া পাঠান

(৫) (জ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (ব্যবস্থাপনা)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন


ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	৯৪	০৮১০৫২	মোছাঃ ফাতেমা খাতুন

(৫) (ঝ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক (গ্রন্থাগার বিজ্ঞান)  
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	১	০৬৬৭২৯	জাহেদা খাতুন

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে

  
ফয়েজ আহম্মদ  
সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব, .....মন্ত্রণালয়/বিভাগ।  
বি.সি.এস. (.....) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত .....জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩৬তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থীবৃন্দ যাতে আগামী ১০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/ ২৪ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ পূর্বাহ্নে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা/রেজিস্ট্রার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/স ও ব্যা/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৯। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১৫ (পনের) কপি এবং প্রজ্ঞাপনের ৪০ (চল্লিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-১ শাখা/অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৬। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৭। জনাব/বেগম.....।

  
১২/১২/২০১৮  
(আফসারী খানম)  
উপসচিব  
ফোন: ৯৫৭৪০০৭